

বিষয়ঃ- এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থায় কর্মরত যে সকল কর্মকর্তা দেশে বা বিদেশে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করেছেন তাঁদের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থায় কর্মরত কর্মকর্তাগণ দেশে/বিদেশে সরকারি/বেসরকারি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্স সম্পন্ন করেছেন এবং অনেক কর্মকর্তা অধ্যয়রত আছেন। পিএইচডি ডিগ্রি সমাপ্তিতে নামের সাথে উপাধি (ড.) ব্যবহারের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের অনুমতি গ্রহণের নিয়ম রয়েছে। এ জন্য পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য মন্ত্রণালয়ের অনুমতিপত্র, গবেষণা অভিসন্দর্ভের (Thesis/ Dissertation) কপি, পিএইচডি'র সনদপত্র আবেদনের সাথে মন্ত্রণালয়ে জমা দেয়া প্রয়োজন। পিএইচডি ডিগ্রি অর্জনের উপাধি (ড.) ব্যবহারের জন্য মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের সরাসরি নিয়ম থাকা সত্ত্বেও এক্ষেত্রে তা প্রতিপালন করা হচ্ছে না। তাই এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থায় কর্মরত যে সকল কর্মকর্তা দেশে বা বিদেশ সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করেছেন (online কোর্সসহ) নিম্নবর্ণিত ছক অনুযায়ী তাঁদের নামের তালিকা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	পিএইচডি কোর্স শুরু ও শেষ হওয়ার তারিখ	বিশ্ববিদ্যালয়ের নাম (দেশ/বিদেশ)	মন্ত্রণালয়ের অনুমোদন (অনুমোদনের কপিসহ)	মন্তব্য

(মোঃ শফিকুল ইসলাম)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৪০৭

ই-মেইল: administration-3@mofl.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং ৩৩.০২.০০০০.১০৬.০৭.০০৭.১৬-

১৩৩ন (১৩)

তারিখঃ ১২/২০১৬ খ্রি.

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সামুদ্রিক/মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/মৎস্য পরিকল্পনা ও জরিপ/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, ঢাকা/মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাতার, ঢাকা।
- ২। উপপরিচালক (মৎস্য চাষ/ অর্থ ও পরিকল্পনা/টিংড়ি/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ)/ মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/.....বিভাগ,.....।
- ৩। জাতীয়/প্রকল্প পরিচালক/পরিচালক,.....।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা,.....।
- ৫। সিনিয়র সহকারী পরিচালক(আইসিটি শাখা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা- ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৬। সংশ্লিষ্ট নথি।

পত্রের চাহিদা অনুযায়ী তথ্যাদি
(দুই প্রস্থ) আগামী তিন
কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য
অনুরোধ করা হলো

(পরিমল চন্দ্র দাস)

উপরিচালক (প্রশাসন)

ফোন: ০২- ৯৫৬৯৩৫৫

ই-মেইল: ddadmin@fisheries.gov.bd